

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৯২

মোহনপুর, ৩০ ডিসেম্বর, ২০২৩

মোহনপুরে নূন্যতম সহায়ক মূল্যে ধান ক্রয় শুরু

মোহনপুর মহকুমায় গত ২৮ ডিসেম্বর থেকে কৃষকদের কাছ থেকে নূন্যতম সহায়ক মূল্যে ধান ক্রয় শুরু হয়েছে। তারাপুরের ফুড গোডাউনে আগামী ২ জানুয়ারী পর্যন্ত কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করা হবে। প্রতি কুইন্টাল ধান ২ ১৮৩ টাকা দরে ক্রয় করা হচ্ছে। মোহনপুর মহকুমার খাদ্য দপ্তরের এস ডি এফ সি শ্যামল ঘোষ জানান, প্রথম দিনে মহকুমায় ২৪ জন কৃষকদের কাছ থেকে ২৭.৫ মেট্রিকটন ধান ক্রয় করা হয়েছে।
